

১৯৭১ সালের ২৬ মার্চ বাঙালির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ আত্মর্যাদার দিন। আমাদের স্বাধীনতা দিবস। পাল রাজত্বের পর বাঙালি পরাধীন হয়ে যায়। সেন, তুর্ক, আফগান, পাঠান, মুঘল, নবাবী আমল, ইংরেজ আমল, পাকিস্তানি আমল পর্যন্ত দীর্ঘ হাজার বছর বাঙালি ছিল পরাধীন।

আত্মনিয়ন্ত্রণ অধিকারের জন্য বাঙালিকে যত রক্ত দিতে হয়েছে, নিপীড়ন, নিশ্চহ সহ্য করতে হয়েছে, পৃথিবীর খুব অল্প জাতিসভাকেই এর সম্মূল্য দিতে হয়েছে। স্বাধীনতার পরও পরাধীনতার নিগড় আমাদের বার বার মুক্তির স্বাদকে বাধাগ্রস্ত করেছে। দীর্ঘ সামরিক শাসন, বেসামরিক একনায়কত্ব আমাদের স্বাধীনতার মূল্যবোধকে বিব্রত করেছে। তারপরও মানুষ গণতন্ত্র পিয়াসী, আশাবাদী। তাই প্রতি বছরের স্বাধীনতা বর্ষপূর্তি আমাদের কাছে নতুন আশার বাণী নিয়ে আসে। আমরা স্বাধীনতার তৈরিন্যে সংঘবদ্ধ হই।

একাত্তরের ২৫ মার্চের পাকিস্তানি 'অপারেশন সার্চ লাইট' তথা বাঙালি খুনের অভিযান এখনও আমাদের ভয়ঙ্কর কালো স্মৃতি। ঘাতকদের কঢ় আজ আবিস্কৃত। সাম্রাজ্যিক ২০০০ সেটাই এবার পাঠকদের সামনে তুলে ধরে সময়ের ভয়ঙ্কর পরিস্থিতি পাঠকদের মনে করিয়ে দিচ্ছে।

গত সোমবার ১৯ মার্চ আমরা হারালাম আমাদের কিংবদন্তির কথক কবি আবু জাফর ওবায়দুল্লাহকে। মনস্বী এই কবি জীবৎকালেই বাংলা সাহিত্যে তাঁর নিজস্ব আসন গড়ে নিয়েছিলেন। সাম্রাজ্যিক ২০০০-এর জন্য তিনি একটি নিয়মিত কলাম লিখতেন। তাই তাঁর মৃত্যু পত্রিকার একজন আপনজনের বিয়োগ। তাঁর সৃষ্টিতেই তিনি বেঁচে থাকবেন।

সাম্রাজ্যিক ২০০০ তাঁর মৃত্যুতে গভীর শোকাহত।

প্রাচ্ছদের পেইন্টিং : শিল্পাচার্য জয়নুল আবেদীন

